আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ১৩ ডিসেম্বর, ২০২৫ ১৭:৩৪

# আইএসইউতে অন ক্যাম্পাস নিয়োগ কার্যক্রম

প্রেস বিজ্ঞপ্তি




ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইউনিভার্সিটিতে (আইএসইউ) শিক্ষার্থীদের জন্য এসআইসিআইপি–বিজিএমইএ 'অন ক্যাম্পাস নিয়োগ কার্যক্রম ২০২৫' অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে বিশ্ববিদ্যালয়ের মহাখালী ক্যাম্পাসে এ কার্যক্রম বাস্তবায়ন করে পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান স্নোটেক্স গ্রুপ।

বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) তত্ত্বাবধানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় ও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবির) অর্থায়নে পরিচালিত হচ্ছে স্কিলস ফর ইন্ডাস্ট্রি কম্পিটিটিভনেস অ্যান্ড ইনোভেশন প্রোগ্রাম (এসআইসিআইপি)।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিজিএমইএর পরিচালক ও রুমানা ফ্যাশন লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর রুমানা রশীদ। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্নোটেক্স গ্রুপের মানবসম্পদ বিভাগের নিয়োগ প্রধান ফাহিম

মুবাশ্বির।

সভাপতিত্ব করেন সিসিপ–বিজিএমইএ প্রোগ্রামের চিফ কো-অর্ডিনেটর মুনির চৌধুরী। সার্বিক সমন্বয়ের দায়িত্বে ছিলেন সিসিপ–বিজিএমই-এর জব প্লেসমেন্ট ও ডেটাবেস কো-অর্ডিনেটর মো. আশফাকুর রহমান। ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইউনিভার্সিটির পক্ষ থেকে আমিনুল হক, এ কে এম রফিকুল আলাম ও মো. সালমান ওসমান অরণ্য উপস্থিত ছিলেন।

বিজিএমই-এর পরিচালক রুমানা রশীদ বলেন, দক্ষতাভিত্তিক নিয়োগ ব্যবস্থা বাংলাদেশের অ্যাপারেল খাতকে আরও শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সিসিপ–বিজিএমইএ দক্ষ মানবসম্পদ তৈরিতে প্রশিক্ষণ ও কর্মসংস্থানের মধ্যে কার্যকর সেতুবন্ধন তৈরি করছে।

নিয়োগ কার্যক্রমে ম্যানেজমেন্ট ট্রেইনি পদে মোট ৪০টি শূন্যপদ ঘোষণা করা হয়। লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে যোগ্য প্রার্থীদের নির্বাচন করা হয়। অতিথিরা জানান, সিসিপ–বিজিএমইএ ভবিষ্যৎ নেতৃত্ব তৈরিতে ইতিবাচক ভূমিকা রাখছে। এ ধরনের উদ্যোগ শিল্প ও একাডেমিয়ার মধ্যে সংযোগকে আরও সুদৃঢ় করবে।

বিডি-প্রতিদিন/এমই